বিবেকানন্দ শতবার্ষিকী মহাবিদ্যালয়

মানিকপাড়া, ঝাড়গ্রাম, পশ্চিমবঙ্গ

# বিজ্ঞপ্তি

তারিখ: ১৩.০৮.২০২৬

এতদ্বারা মহাবিদ্যালয়ের সমস্ত ছাত্র-ছাত্রী, এন.এস.এস (NSS) ও এন.সি.সি. (NCC) ভলান্টিয়ারদের জানানো যাচ্ছে যে, সরকারি নির্দেশিকা অনুযায়ী "হর ঘর তেরঙা" (Har Ghar Tiranga) ক্যাম্পেইন উদযাপন করা হচ্ছে।

এই জাতীয় কর্মসূচীকে সফল করতে মহাবিদ্যালয়ের পক্ষ থেকে নিম্নলিখিত পদক্ষেপ ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছে:

১. তেরঙা র‍্যালি ও পদযাত্রা (Tiranga Marches): সরকারি নির্দেশিকা অনুযায়ী ব্লক ও মহকুমা স্তরে সাধারণ মানুষের ব্যাপক অংশগ্রহণের উদ্দেশ্যে 'তেরঙা র‍্যালি' বা পদযাত্রার আয়োজন করা হবে। ১৫ই আগস্ট আমাদের কলেজের ছাত্র-ছাত্রী ও NSS/NCC ক্যাডেটদের এই র‍্যালিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে হবে। (পতাকা ব্যবহারের ক্ষেত্রে Flag Code, 2002 কঠোরভাবে মেনে চলতে হবে) ।

২. তেরঙা সাইকেল/বাইক র‍্যালি: ১৫ই আগস্ট যুব সমাজ ও ছাত্রছাত্রীদের উদ্বুদ্ধ করতে তেরঙা সাইকেল অথবা বাইক র‍্যালির আয়োজন করা হতে পারে। আগ্রহী ছাত্র-ছাত্রীদের নিজ নিজ বিভাগের অধ্যাপকদের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

৩. ক্যাম্পাস সাজানো ও দেশাত্মবোধক প্রদর্শনী: ১৫ই আগস্ট কলেজের দেওয়াল ও নির্দিষ্ট স্থানগুলোতে ভারতের স্বাধীনতা সংগ্রামী ও মহান মনীষীদের ছবি, বাণী এবং দেশাত্মবোধক পোস্টার/স্কেচ (যেমন: "যুব ভারত") দিয়ে সাজিয়ে তোলার জন্য ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করা হচ্ছে।

৪. আলোকসজ্জা ও তেরঙা থিম: ক্যাম্পেইনের পুরো সময় জুড়ে (৯-১৭ই আগস্ট) কলেজের সরকারি ভবন ও চত্বর আলোকসজ্জায় সজ্জিত থাকবে। ছাত্র-ছাত্রীদেরও তাদের নিজ বাসস্থানে এই থিম বজায় রাখতে উৎসাহিত করা হচ্ছে।

৫. বিশাল তেরঙা ক্যানভাস (Large Tiranga Canvas): ১৭ই আগস্ট কলেজের নির্দিষ্ট একটি স্থানে একটি বড় তেরঙা ক্যানভাস বা বোর্ড রাখা থাকবে, যেখানে ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকারা দেশাত্মবোধক স্লোগান, স্বাক্ষর বা নিজেদের অনুভূতি লিখে প্রকাশ করতে পারবেন।

ভারতের এই গৌরবময় স্বাধীনতা উৎসব উদযাপনে প্রতিটি ছাত্র-ছাত্রীর স্বতঃস্ফূর্ত উপস্থিতি ও সক্রিয় সহযোগিতা একান্ত কাম্য।

13.08.26

অধ্যক্ষ
বিবেকানন্দ শতবার্ষিকী মহাবিদ্যালয়

Principal
V. S. Mahavidyalaya
Manikpara, Jhargram

ANANDA SATABARSHIKI MAHAVIDYALAYA
P.O.-Manikpara
Dist.-Jhargram
ESTD.-1964